

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
খাদ্য অধিদপ্তর  
হিসাব ও অর্থ বিভাগ  
১৬, আব্দুল গণি রোড, ঢাকা।  
Web:www.dgfood.gov.bd

স্মারক নং-১৩.০১.০০০০.০৭৪.২০.৬৮২.১৮.

তারিখঃ -০৩-২০২৪খ্রি.

**বিষয় : ভ্রমন ব্যয় খাতে অর্থ বরাদ্দ।**

সূত্র : তাঁর কার্যালয়ের স্মারক নং-৮৮৩, তারিখ-১৫.০২.২০২৪খ্রি. এবং স্মারক নং-৯৪০, তারিখ-০৭.০৩.২০২৪খ্রি.

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, আপনার কার্যালয়ের সুত্রোক্ত ১ম স্মারকে সুনামগঞ্জ জেলার নন-ড্রয়াল বিলসহ নভেম্বর/২২ হতে জানুয়ারি/২৪ সময়কালে বরিশাল জেলার অভ্যন্তরীণ ভ্রমন ব্যয় বাবদ ২৫,০০০/- টাকার চাহিদা প্রেরণ করা হয়। তৎপ্রেক্ষিতে অত্র দপ্তরের ০৭.০৩.২০২৪খ্রি. তারিখের ৪০০নং স্মারকে (চাহিদাপত্রে সংযুক্ত বিল অনুযায়ী) ১৩,০০০/- টাকা বরাদ্দ প্রদান করা হয়। এক্ষণে, সুত্রোক্ত ২য় স্মারকে সুনামগঞ্জ জেলার নন-ড্রয়াল বিলসহ পুনরায় নভেম্বর/২২ হতে ফেব্রুয়ারি/২৪ মাস পর্যন্ত সময়ের অভ্যন্তরীণ ভ্রমন ব্যয় বাবদ ৮০,০০০/- টাকার চাহিদা প্রেরণ করা হয়েছে, যা বোধগম্য নয়। তাছাড়া, বর্তমান চাহিদাপত্রের (স্মারক নং-৯৪০, তারিখ-০৭.০৩.২০২৪খ্রি.) সাথে সংযুক্ত ভ্রমনবিলগুলোর মধ্যে কোনো কোনো বিলে বিল দাখিলকারী এবং নিয়ন্ত্রণকারী কারোরই স্বাক্ষর নেই এবং কোনো কোনো বিলে দাখিলকারী কর্মকর্তার তারিখ বিহীন স্বাক্ষর থাকলেও নিয়ন্ত্রণকারীর স্বাক্ষর নেই। ফলে চাহিদানুযায়ী বরাদ্দ প্রদানে বিবেচনা করা সম্ভব হচ্ছে না।

এমতাবস্থায়, ভ্রমন ব্যয় খাতে অর্থ বরাদ্দের নিমিত্তে চাহিদার স্বপক্ষে বিল দাখিলকারী এবং নিয়ন্ত্রণকারী কর্মকর্তা কর্তৃক তারিখযুক্ত স্বাক্ষরিত ভ্রমন বিলের কপিসহ পুনরায় চাহিদা প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।



মোঃ সাহিদার রহমান

ইন্সট্রাক্টর

সংযুক্তি-হিসাব ও অর্থ বিভাগ

**জেলা খাদ্য নিয়ন্ত্রক, বরিশাল**

স্মারক নং-১৩.০১.০০০০.০৭৪.২০.৬৮২.১৮. ৪৫৩/১৫)

তারিখঃ ২৩-০৩-২০২৪খ্রি.

সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে:


১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, বরিশাল।

২। মহাপরিচালক (গ্রেড-১) মহোদয়ের একান্ত সচিব, খাদ্য অধিদপ্তর।

৩। উপখাদ্য পরিদর্শক, মজুত, বিক্রয় ও ক্যাশ শাখা, খাদ্য অধিদপ্তর, ঢাকা। পত্রটি খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য বলা হলো।

৪। অফিস কপি।

৫। মাষ্টার কপি।

  
২০.০৩.২০২৪

ইছমত আরা শিরীন  
সহকারী উপপরিচালক

Mary  
২৩.০৩.২৪